কটকটে।

স্বাদ — মধুর।
গুণ — স্বাদু, রুচ্য, ভারী, বল্য, কফ নাশক।
হিত — পুরাতন জ্বর, অর্শ, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, ক্ষতক্ষয়, শ্বাস, কাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, উন্মাদ, অপ-

স্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, হৃদ্রোগ, শূল, গুল্ম, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, অম্লপিত্ত, শীতপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — অতিসার, ক্রিমি, গ্রহণী, অগ্নিমান্দ্য, বিসূচিকা, তৃষ্ণা, মূর্চ্ছা, ভ্রম, মদাত্যয়, দাহ, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, মসূরিকা, কুষ্ঠ, উপদংশ, সূতিকা ও স্ত্রীরোগে।

পেড়াকী।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, বল, শুক্র ও পুষ্টিকর।

হিত — যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, হিক্কা, মূর্চ্ছা, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, বিস্ফোট, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা, স্তন ও স্ত্রীরোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, তৃষ্ণা, আনাহ, উদাবর্ত্ত, প্রমেহ, মেদ ও মসূরিকা রোগে।

নিখুতি।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, রুচ্য, বল্য, বর্ণকারী, ধাতুবর্দ্ধক, গুরু।

হিত — পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, শ্বাস, স্বরভেদ, হিক্কা, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, ক্রিমি, যক্ষ্মা, কাস, তৃষ্ণা, আনাহ, উদাবর্ত্ত, প্রমেহ, ভগন্দর, সূতিকা ও মসূরিকা রোগে।

মোহন ভোগ।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, রুচ্য, বল্য, ভারী, পুষ্টিকর, শুক্র বর্দ্ধক।

হিত — পাণ্ডু, কামলা, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, দাহ, উন্মাদ, অপস্মার, মদাত্যয়, বাতব্যাধি, বাতরক্ত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, বহুমূত্র, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্ত্রী রোগ, যোনি রোগ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, তৃষ্ণা, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, প্লীহা, ভগন্দর, কুষ্ঠ ও মসূরিকা রোগে।

জিলেপী।

স্বাদ — মধুর, অম্ল।

গুণ — কান্তি, পুষ্টি, বল, ধাতু বর্দ্ধক, রুচ্য।

হিত — পুরাতন জ্বর, ক্রিমি, অর্শ, পাণ্ডু, কামলা, রক্ত-পিত্ত, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, হিক্কা, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, শিরঃ, নেত্র, স্তন, সূতিকা ও স্ত্রী রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অগ্নিমান্দ্য, বিসূচিকা, তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ, উদাবর্ত্ত, মেদ, প্রমেহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী ও মসূরিকা রোগে।

নিমকী।

স্বাদ — অম্ল, মধুর।

গুণ — লঘু, রুচ্য, হালকা, মুখ প্রিয়, বলবর।

হিত — পুরাতন জ্বর, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, হিক্কা, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, কর্ণ, নাসা জিহ্বা, নেত্র, শিরঃ, স্ত্রী, যোনি, স্তন ও সুতিকা রোগে।

অহিত — অতিসার, বিসূচিকা, তৃষ্ণা, মেদ ও মসূরিকা রোগে।

পাঁপড় ভাজা।

স্বাদ — মধুর।

গুণ — রুচ্য, লঘু, বৃষ্য, বল্য, কফ নাশক।

হিত — অর্শ, পাণ্ডু, কামলা, অম্লপিত্ত, যক্ষ্মা, রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, বাতরক্ত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও সূতিকা রোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, যক্ষ্মা, উদাবর্ত্ত, আনাহ, মেদ, উদরী ও মসূরিকা রোগে।

মগদ।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, রুচ্য, বল্য, কফ নাশক।

হিত — অর্শ, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অম্লপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, অরোচক, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, ঊরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, শোথ, বৃদ্ধি,

গলগণ্ড, গণ্ডমালা, গ্রন্থি, অর্ব্বুদ, শ্লীপদ, ব্রণ, ভগ্ন, উপদংশ, কুষ্ঠ, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, ক্রিমি, অগ্নিমান্দ্য, বিসূচিকা, তৃষ্ণা, উদাবর্ত্ত, আনাহ, প্রমেহ, মেদ, প্লীহা, উদরী ও ভগন্দর রোগে।

মেচা।

স্বাদ — মধুর, কটু।

গুণ — রুচ্য, স্বাদু, বিষ্টম্ভী, অপকৃষ্ট।

হিত — ক্রিমি, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, শোথ, বৃদ্ধি, শ্লীপদ ও ব্রণ রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, তৃষ্ণা, দাহ, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও সূতিকা রোগে।

তাওয়াজফেণী।

স্বাদ — মধুর।

গুণ — রুচ্য, বল্য, স্বাদু, মুখপ্রিয়।

হিত — রক্তপিত্ত, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরু-

স্তম্ভ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, বহুমূত্র, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, ক্রিমি, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, কাস, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, প্রমেহ, মেদ, উদরী, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসুরিকা ও সূতিকা রোগে।

বাতাসা।

স্বাদ — মধুর।

গুণ — হালকা, পথ্য, ত্রিদোষ নাশক।

হিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, হিক্কা, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, জিহ্বা, শিরঃ, নেত্র, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অগ্নিমান্দ্য, বিসূচিকা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, প্রমেহ, বহুমূত্র ও মেদ রোগে।

তিলকুটা সন্দেশ।

স্বাদ — মধুর।

গুণ — পুষ্টিকর, চিক্কণ, রুচ্য, কফ ও পিত্তকর, ধাতু বর্দ্ধক, স্নিগ্ধ।

হিত — অতিসার, গ্রহণী, অর্শ, পাণ্ডু, কামলা, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, শূল, গুল্ম, হৃদ্রোগ, উদরী, বহুমূত্র, প্রমেহ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অগ্নিমান্দ্য, বিসূচিকা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, বাত, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, জিহ্বা, স্ত্রী, যোনি ও সূতিকা রোগে।

তিলেখাজা।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, বল্য, গুরু, রুচ্য।

হিত — পুরাতন জ্বর, ক্রিমি, গ্রহণী, অর্শ, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, বাতরক্ত, আমবাত, উরুস্তম্ভ, হৃদ্রোগ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, মুখ, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও সূতিকা রোগে।

অহিত — অতিসার, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, তৃষ্ণা, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা ও দন্ত রোগে।

কদমা।

স্বাদ — মধুর।

গুণ — রুচ্য, গুরু, বলকর, স্বাদু।

হিত — জ্বর, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, বাতরক্ত, আমবাত, ঊরুস্তম্ভ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, মুখ, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, ক্রিমি, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, তৃষ্ণা, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, ভগন্দর, কুষ্ঠ, মসূরিকা ও দন্ত রোগে।

রোলা।

স্বাদ — মধুর।

গুণ— স্বাদু, রুচ্য, বল্য, পিত্ত নাশক।

হিত—জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, বাতরক্ত, ঊরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, মসূরিকা, নেত্র, শিরঃ, সূতিকা, স্ত্রী ও যোনি রোগে।

অহিত—অগ্নিমান্দ্য, বিসূচিকা, যক্ষ্মা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত,

অশ্মরী, প্রমেহ, বহুমূত্র, মেদ, উদরী, ব্রণ, ভগন্দর, উপদংশ, মুখ, দন্ত, কর্ণ ও নাসা রোগে।

গুড় পাটালি।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, রুচ্য, ভারী, পুষ্ট।

হিত — রক্তপিত্ত, অরোচক, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, অম্লপিত্ত, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, ক্রিমি, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, আমবাত, ঊরুস্তম্ভ, উদাবর্ত্ত, আনাহ, প্রমেহ, মেদ, উদরী, শোথ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

মুরকীর মোয়া।

স্বাদ মধুর।

গুণ — লঘু, রুচ্য, রেচক, পথ্য।

হিত — পুরাতন জ্বর, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, ঊরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, বহুমূত্র, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ড-

মালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্ত্রী, যোনি সূতিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, ক্রিমি, গ্রহণী, বিসূচিকা, প্রমেহ ও ভগন্দর রোগে।

মুড়ির চাক্তি।

স্বাদ — মধুর।

গুণ — লঘু, স্বাদু, রুচি ও বলকর, রেচক।

হিত — অর্শ, রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা, স্তন ও স্ত্রীরোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ ও ভগন্দর রোগে।

আনন্দ লাড্ডু।

স্বাদ — মধুর।

গুণ — রুচ্য, বল্য, পুষ্টিকর, শুক্র বর্দ্ধক।

হিত — অর্শ, অগ্নিমান্দ্য, রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত,

বাতরক্ত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, ক্রিমি, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, তৃষ্ণা, আমবাত, উদাবর্ত্ত, আনাহ, মেদ, উদরী, শোথ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা ও সূতিকা রোগে।

মালপূয়া।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, মুখপ্রিয়, গুরু, বল ও বীর্য্য বর্দ্ধক, দুষ্পাচ্য।

হিত — স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, হৃদ্রোগ, বহুমূত্র, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, অর্ব্বুদ, ব্রণ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র ও শিরঃ রোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, তৃষ্ণা, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, শোথ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা ও স্তন রোগে।

দয়ে বড়া।

স্বাদ — অম্ল, মধুর।

গুণ — শীতল, বিষ্টম্ভ, কফকর, বল্য, রুচ্য।

হিত — অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, রক্তপিত্ত, অরোচক, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত-রক্ত, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত অশ্মরী, প্রমেহ, নেত্র ও শিরঃ রোগে।

অহিত — জ্বর, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, স্তন ও সূতিকা রোগে।

মিটে বড়া।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, রুচ্য, ভারী, বিষ্টম্ভী।

হিত — অরুচি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ. অপস্মার, বাতরক্ত, গুল্ম, শূল, হৃদ্রোগ, বহুমূত্র, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, তৃষ্ণা, আমবাত, উরুস্তম্ভ, আনাহ, মূত্র-কৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, শোথ, ভ-গন্দর, মসূরিকা ও সূতিকা রোগে।

আলুরপিটে।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, গুরু, বল ও বীর্য্য বর্দ্ধক, কফ নাশক, রুচ্য, গরম।

হিত — রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মদাত্যয়, বাত, আমবাত, উরুস্তম্ভ, হৃদ্রোগ, বহুমূত্র প্রমেহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, ব্রণ, উপদংশ, মসুরিকা, শ্লীপদ, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র ও সূতিকা রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, তৃষ্ণা, ছর্দ্দি, দাহ, উন্মাদ অপস্মার, শূল, উদাবর্ত্ত, আনাহ, মুত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, ভগন্দর, কুষ্ঠ, শিরঃ ও স্তন রোগে।

ছানারপিটে।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, গুরু, রুচ্য বল ও বীর্য্য বর্দ্ধক।

হিত — স্বরভেদ, অরোচক ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, বহুমূত্র, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস,

উরুস্তম্ভ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, ভগন্দর, মসূরিকা ও সূতিকা রোগে।

মুগের লাড়ু।

স্বাদ — মধুর।

গুণ — বলকর, হালকা, বিষ্টম্ভী, পিত্ত ও কফ নাশক।

হিত — পুরাতন জ্বর, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, হিক্কা, অরুচি, ছর্দ্দি মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, বহুমূত্র, অশ্মরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, বিসূচিকা, যক্ষ্মা, তৃষ্ণা, প্রমেহ, মেদ, উদরী ও মসূরিকা রোগে।

কুগড়ার মিঠাই।

স্বাদ — মধুর।

গুণ — লঘু, স্বাদু, রুচ্য, বল্য, ত্রিদোষ নাশক, বীর্য্য বর্দ্ধক।

হিত — জ্বর, গ্রহণী, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, হিক্কা, অরোচক, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূ-

ত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসুরিকা, মুখ, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্তন, সূতিকা ও বিষ রোগে।

অহিত — অতিসার, বিসূচিকা ও মেদ রোগে।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের খাদ্যবস্তুর দ্রব্যগুণে
সপ্তম অধ্যায় — লুচি পক্কান্নাদি।

খাদ্যবস্তুর দ্রব্যগুণ।

অষ্টম অধ্যায়।

অন্নাদি।

অন্ন — পুরাতন চালের।

স্বাদ — মধুর।

গুণ — বল্য, বৃষ্য, লঘু, পথ্য, আগ্নেয়, স্বাদু।

হিত — পুরাতন জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র,

মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র ও শিরঃ রোগে।

অহিত — নবজ্বর, বহুমূত্র যক্ষ্মা, ছর্দ্দি, আমবাত, উরুস্তম্ভ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, অর্ব্বুদ, মসূরিকা, স্তন, সূতিকা ও বাল রোগে।

পান্তাভাত।

স্বাদ — অম্ল, মধুর।

গুণ — শীতল, কফকর, বায়ু নাশক, গুরু।

হিত — অতিসার, অর্শ, ক্রিমি, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত ও শিরঃ রোগে।

অহিত — গ্রহণী, অগ্নিমান্দ্য, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, বহুমূত্র, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, মসূরিকা, মুখ, কর্ণ, নাসা, নেত্র, স্তন ও সূতিকা রোগে।

খই।

স্বাদ — মধুর।

গুণ — শীতল, হালকা, দীপন, রুক্ষ, বল, পিত্ত ও কফ নাশক।

হিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য,

পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, বাতরক্ত, কাস, শ্বাস, ক্ষতক্ষয়, স্বরভেদ, ছর্দ্দি, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্ত্রী, সূতিকা ও স্তন রোগে।

অহিত — বিসূচিকা ও প্লীহা রোগে।

ছোলা।

স্বাদ — মধুর, কষায়।

গুণ — কফপিত্ত নাশক, হালকা, বল্য, শুক্র বর্দ্ধক।

হিত — পুরাতন জ্বর, ক্রিমি, অর্শ, গ্রহণী, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, স্বরভেদ, হিক্কা, অরুচি, ছর্দ্দি, দাহ, অপস্মার, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, হৃদ্রোগ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, কুষ্ঠ, উপদংশ, ভগন্দর, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্তন ও অম্লপিত্ত রোগে।

অহিত — অতিসার, অগ্নিমান্দ্য, বিসূচিকা, উন্মাদ, উদাবর্ত্ত, আনাহ, মেদ, তৃষ্ণা, মূর্চ্ছা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত অশ্মরী, প্রমেহ, মসূরিকা ও সূতিকা রোগে।

চিঁড়েভাজা।

স্বাদ — মধুর।

গুণ — হালকা, ত্রিদোষ নাশক, পাকে লঘু, রুচ্য।

হিত — জ্বর, ক্রিমি, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মদাত্যয়, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, মেদ, উদরী, অশ্মরী, প্রমেহ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, শীতপিত্ত, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, বিসূচিকা প্লীহা, মূর্চ্ছা, দাহ, উন্মাদ, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত ও ভগন্দর রোগে।

লাজমণ্ড।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, লঘু, দীপন, রুচ্য, বল্য, তৃপ্তিকর, পাচক।

হিত — পুরাতন জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, অম্লপিত্ত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মুত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, শীতপিত্ত, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, জিহ্বা, নেত্র, শিরঃ, স্তন ও সূতিকা রোগে।

অহিত — বিসূচিকা, প্লীহা, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, উরুস্তম্ভ, আমবাত ও মসূরিকা রোগে।

মুড়ি।

স্বাদ — মধুর।

গুণ — রুচ্য, রুক্ষ, কফনাশক, সুগন্ধি।

হিত — কফজ্বর, বমি, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, প্রমেহ, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, উরুস্তম্ভ, আমবাত, হৃদ্রোগ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, গলগণ্ড, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শির, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, বিসূচিকা, রক্তপিত্ত, বাতরক্ত, পাণ্ডু, কামলা, শূল, গুল্ম, প্লীহা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী ভগন্দর ও শীতপিত্ত রোগে।

পরমান্ন।

স্বাদ — মধুর।

গুণ — ভারী, বল্য, ধাতু ও পুষ্টিকর, বিষ্টম্ভী।

হিত — পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার বাতরক্ত, আমবাত, উদরী, হৃদ্রোগ, বাত, শূল, গুল্ম, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, শীতপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্তনরোগ ও স্ত্রীরোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ভগন্দর, মসূরিকা ও সূতিকা রোগে।

—:০:—

মুড়কী।

স্বাদ — মধুর।

গুণ — ভারী, রুচ্য, বিষ্টম্ভী।

হিত — ক্রিমি, গ্রহণী, অর্শ, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, উদরী, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, অগ্নিমান্দ্য, বিসূচিকা, অশ্মরী, প্রমেহ ও মসূরিকা রোগে।

চালভাজা।

স্বাদ — মধুর।

গুণ — রুচ্য, সুগন্ধ, বিষ্টম্ভী, কফ নাশক, লঘু, রুক্ষ।

হিত — কফজ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, প্রমেহ, মেদ, উদরী, শোথ বৃদ্ধি, গলগণ্ড, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, বিসূচিকা, তৃষ্ণা, মূর্চ্ছা, ভ্রম, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী ও ভগন্দর রোগে।

ছোলাভাজা।

স্বাদ — মধুর।

গুণ — পিত্ত ও কফ নাশক, রুচ্য, বল্য।

হিত — কফ জ্বর, ক্রিমি, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, ক্ষত-ক্ষয়, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, মদাত্যয়, আমবাত, উরুস্তম্ভ, হৃদ্রোগ, মেদ, উদরী, শোথ শ্লীপদ, বৃদ্ধি, ব্রণ, কুষ্ঠ, উপদংশ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা জিহ্বা, নেত্র, শিরঃ ও সূতিকা রোগে।

অহিত — প্লীহা, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, উন্মাদ, অপস্মার, শূল, গুল্ম, তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ভগন্দর ও মসূরিকা রোগে।

তিলভাজা।

স্বাদ — মধুর, কষায়।

গুণ — রসে ও পাকে কটু, স্বাদু, চিক্কণ, উষ্ণ, তীক্ষ্ণ, বায়ু নাশক, অগ্নি, মেধা ও বলকর।

হিত — বাতজ্বর, অতিসার, অর্শ, অগ্নিমান্দ্য, ক্রিমি, গ্রহণী, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, বাতরক্ত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী প্রমেহ, ব্রণ, ভগন্দর, উপদংশ, প্রদর, কুষ্ঠ, অম্লপিত্ত, বিস্ফোট, নেত্র, শির ও স্তন রোগে।

অহিত — যক্ষ্মা, কাস, শ্বাস, হিক্কা, স্বরভেদ, উরুস্তম্ভ,

আমবাত, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

রুটি গোধূম।

স্বাদ — মধুর।

গুণ—রুচ্য, রেচক, বল, বীর্য্য ও মেধা বর্দ্ধক, তীক্ষ্ণ, উষ্ণ, ক্ষার, নূতন গমের রুটি অহিতকর, ময়দা মল-রোধক, সুজি ও আটা পথ্য।

হিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্ল-পিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নেত্র, নাসা, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — বিসূচিকা, মেদ ও মসূরিকা রোগে।

পাঁউরুটি।

স্বাদ — মধুর।

গুণ — লঘু, পথ্য।

হিত — জ্বর, অতিসার, অর্শ, ক্রিমি, গ্রহণী, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, ক্ষতক্ষয়, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, উরুস্তম্ভ, বাতরক্ত, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, হৃদ্রোগ,

মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, গলগণ্ড, গণ্ডমালা, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সুতিকা ও স্তন রোগে।
অহিত — বিসুচিকা, মেদ ও মসূরিকা রোগে।

সাবু দানা।

স্বাদ — মধুর।
গুণ — শীতল, লঘু, পথ্য, স্নিগ্ধ।
হিত- বাত, পিত্ত ও পুরাতন জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসুচিকা পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মুত্রাঘাত, ব্রণ, ভগন্দর উপদংশ, কুষ্ঠ, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্তন ও বাল রোগে।
অহিত — যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, বাত, উরুস্তম্ভ, আমবাত, উদরী, মেদ, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, মসূরিকা ও সুতিকা রোগে।

লাজশক্তু।

স্বাদ — মধুর।
গুণ — লঘু, পথ্য।
হিত — জ্বর, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতব্যাধি, আমবাত,

ঊরুস্তম্ভ, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, বিসর্প, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত— অতিসার, গ্রহণী, বিসূচিকা, মেদ ও প্লীহা রোগে।

এরারুট।

স্বাদ—মধুর।

গুণ— লঘু, পথ্য, স্নিগ্ধ, পুষ্টি ও বলকর।

হিত— পুরাতন জ্বর, অতিসার, উদরাময়, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — ঘর্ম্ম, কাস, শ্বাস, ছর্দ্দি, বাত, ঊরুস্তম্ভ, আম-বাত, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, মসূরিকা, কর্ণ, দন্ত, নাসা, জিহ্বা ও সূতিকা রোগে।

চিনি।

স্বাদ — মধুর।

গুণ — স্নিগ্ধ, ভারী, বল্য, সারক।

হিত — তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ, উন্মাদ, অপস্মার, হৃদ্রোগ, অম্ল-

পিত্ত, নাসা, নেত্র, শিরঃ, স্তন, বিষ রোগ, বাতজ্বর, রক্ত-পিত্ত, পাণ্ডু, কামলা ও অরুচি রোগে।

অহিত — ক্রিমি, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূ-চিকা, যক্ষ্মা, ক্ষতক্ষয়, শ্বাস, কাস, উরুস্তম্ভ, আমবাত, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা, সু-তিকা, মুখ, দন্ত, কর্ণ ও ওষ্ঠ রোগে।

যবেরুরুটি

স্বাদ — মধুর, কষায়।

গুণ — শীতল, রুক্ষ, আগ্নেয়, বল্য, পাকে তিক্ত।

হিত — পুরাতন জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, উরুস্তম্ভ, বাতরক্ত, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, বিস্ফোট, মসূরিকা, মুখ, দন্ত, জিহ্বা, কর্ণ, নেত্র, শিরঃ, স্ত্রী, সূতিকা, স্তন ও বাল রোগে।

অহিত — নবীন জ্বর।

মিশ্রী।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, বলকর, হালকা, বাত ও পিত্ত নাশক, ধাতু বর্দ্ধক।

হিত — জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়; দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, উদাবর্ত্ত, গুল্ম, হৃদ্রোগ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, বিস্ফোট, মসূরিকা, মুখ, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা, স্তন ও বিষ রোগে।

অহিত — অতিসার, অর্শ, গ্রহণী, বিসূচিকা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ ও মেদ রোগে।

মধু।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, লঘু, রুক্ষ, বল, বর্ণ, অগ্নি, কান্তি ও শুক্র বৃদ্ধিকর, রসে কষায়।

হিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, বিসূচিকা, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, কাস, শ্বাস, যক্ষ্মা, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, অপস্মার, বাতব্যাধি, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, হিক্কা, বমন, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, অর্ব্বুদ, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, বিস্ফোট, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, জিহ্বা, নেত্র, শিরঃ, স্ত্রী, সূতিকা, স্তন ও বাত রোগে।

অহিত — বিসূচিকা, দাহ, উন্মাদ ও মেদ রোগে।

সরিষা।

স্বাদ — কটু।

গুণ — তীক্ষ্ণ, গরম, রস ও পাকে কটু, রুক্ষ, কফ, বায়ু নাশক, আগ্নেয়।

হিত — ক্রিমি, গলগণ্ড গণ্ডমালা, কুষ্ঠ, অগ্নিমান্দ্য, হৃদ্রোগ, উন্মাদ, অপস্মার, মেদ, পাণ্ডু, কামলা, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, মুখ, দন্ত, কর্ণ, নাসা সুতিকা, স্তন, কাস, শ্বাস, ছর্দ্দি, অরুচি, অর্শ, গ্রহণী, বাতরক্ত, স্বরভেদ, উরুস্তম্ভ, আমবাত, বাত ও উদরী রোগে।

অহিত — বিসূচিকা, অতিসার, রক্তপিত্ত, অম্লপিত্ত, যক্ষ্মা, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, হৃদ্রোগ, মসূরিকা, নেত্র ও শিরঃ রোগে।

রাই।

স্বাদ — কটু, মধুর।

গুণ — তীক্ষ্ণ, গরম, চিক্কণ, আগ্নেয়।

হিত — জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, বাত, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, শোথ, বৃদ্ধি গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সু-

তিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, তৃষ্ণা, দাহ, উন্মাদ, অপস্মার, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ ও ভগন্দর রোগে।

মরিচ গোল।

স্বাদ — কটু।

গুণ — গরম, দীপন, রুক্ষ, তেজী, পাকে মধুর।

হিত — জ্বর, গ্রহণী, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, উদরাময়, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, হিক্কা, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, বাত উরুস্তম্ভ, আমবাত, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, মেদ, প্লীহা, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, কুষ্ঠ উপদংশ, মসূরিকা অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্ত্রী, সুতিকা, স্তন ও বাল রোগে।

অহিত — তৃষ্ণা, উন্মাদ ও অপস্মার রোগে।

বড়ী।

যে যে দালের প্রস্তুত হয় তাহারই সমান ও হিতাহিত জানিবেন।

ধনে।

স্বাদ — কটু, কষায়।

গুণ — বীর্য্যে উষ্ণ, পাচক, রেচক, পাকে স্বাদু, ত্রিদোষ নাশক।

হিত — বাতপিত্ত জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ব্রণ, কুষ্ঠ, ভগন্দর, অম্লপিত্ত, নেত্র, শিরঃ, স্ত্রী ও স্তন রোগে।

অহিত — কাস, শ্বাস, ছর্দ্দি, বাত, উরুস্তম্ভ, আমবাত, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, মুখ, দন্ত, কর্ণ ও নাসা রোগে।

তেজপাতা।

স্বাদ — মধুর।

গুণ — তীক্ষ্ণ, গরম, পাকে মধুর, সুগন্ধ।

হিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, গ্রন্থি, শ্লীপদ, ব্রণ, উপদংশ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, জিহ্বা, নেত্র, শিরঃ, সূতিকা, স্তন, স্ত্রী ও বিষ রোগে।

অহিত — মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, মেদ, ভগন্দর ও কণ্ঠ রোগে।

মেথি।

স্বাদ — কটু, তিক্ত।

গুণ — উষ্ণ, বাত ও কফ নাশক।

হিত — বাতকফ জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, বাত, আমবাত, উরুস্তম্ভ, বমন, হৃদ্রোগ, প্রমেহ, বহুমূত্র, অশ্মরী, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, বিস্ফোট, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, জিহ্বা, নেত্র, শিরঃ ও সুতিকা রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত ও স্তন রোগে।

হিঙ্।

স্বাদ — কটু, তিক্ত।

গুণ — লঘু, উষ্ণ, আগ্নেয়, পাচক, রুচ্য, উগ্রগন্ধ, বাত ও কফ নাশক।

হিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাতব্যাধি, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, ক্রিমি, মেদ, উদরী, বহুমূত্র, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ,

নাসা, নেত্র, শিরঃ, স্তন, সুতিকা, বাল ও বিষ রোগে।
অহিত — শ্বাস, তৃষ্ণা, দাহ, মূত্রাঘাত, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, প্রমেহ ও ভগন্দর রোগে।

লঙ্কামরিচ।

স্বাদ — মধুর।
গুণ — তীক্ষ্ণ, গরম, উত্তেজক।
হিত — ক্রিমি, বিসূচিকা, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, অপস্মার, বাত, বাতরক্ত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, মেদ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, কুষ্ঠ, দন্ত, কর্ণ, নাসা, সুতিকা ও বিষ রোগে।
অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, তৃষ্ণা, দাহ, উন্মাদ, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, ভগন্দর, উপদংশ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, নেত্র, শিরঃ, স্তন ও বাল রোগে।

কালজীরা।

স্বাদ — কটু, কষায়।
গুণ — তীক্ষ্ণ, পাকে কটু, আগ্নেয়, রুচ্য, লঘু, তৈলাক্ত, গরম।
হিত — পুরাতন জ্বর, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, অপস্মার, উন্মাদ,

বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা, স্তন, বাল ও বিষ রোগে।

সাদাজিরে।

স্বাদ — কটু।

গুণ — সুগন্ধ, আগ্নেয়, রুক্ষ, গরম, কফ ও বাতনাশক।

হিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, বিসূচিকা, পাণ্ডু, কামলা, কাস, শ্বাস, স্বরভেদ, যক্ষ্মা, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, উদরী, প্লীহা, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্ল-পিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, নাসা, কর্ণ, নেত্র, শিরঃ, স্ত্রী, যোনি, সূতিকা, স্তন, বাল ও বিষ রোগে।

অহিত — তৃষ্ণা, দাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ও ভগন্দর রোগে।

টেপুয়া।

স্বাদ — মধুর।

গুণ — শীতল, লঘু, আগ্নেয়, পথ্য।

হিত — পুরাতনজ্বর, অতিসার ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, তৃষ্ণা,

মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, বাত, আমবাত, উরুস্তম্ভ, মেদ, উদরী, শোথ বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

আমানি।

স্বাদ — মধুর।

গুণ — শীতল, লঘু, রুচ্য, বল্য।

হিত — অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, উরুস্তম্ভ, আমবাত, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

শঠীর পালো।

স্বাদ।— তিক্ত, কষায়।

গুণ।— গ্রাহী, লঘু, পাকে তিক্ত, উষ্ণ, সুগন্ধ।

হিত — জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, শ্বাস, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, বাতরক্ত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, বহুমূত্র, প্রমেহ, উদরী, মেদ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্তন, সুতিকা, বল ও বিষ রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, দাহ, মূত্রকৃচ্ছ্র ও মূত্রাঘাত রোগে।

সৈন্ধব লবণ।

স্বাদ — মধুর।

গুণ — রুচ্য, মুখপ্রিয়, স্বাদু, পাচন, হালকা, আগ্নেয়, বৃষ্য, শীতল, দোষঘ্ন ত্রিদোষ নাশক।

হিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, ভ্রম, উন্মাদ, অপস্মার, দাহ, বাত, আমবাত, উরুস্তম্ভ, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সুতিকা, স্তন ও বাল রোগে।

অহিত — বিসূচিকা রোগে।

সামুদ্র লবণ।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, রুচ্য, চিক্কণ, রুক্ষ, আগ্নেয়, উষ্ণ।

হিত — জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, অপস্মার, বাত, বাতরক্ত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, অশ্মরী, প্রমেহ, বহুমূত্র মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, গ্রন্থি, অর্ব্বুদ, শ্লীপদ, ব্রণ, উপদংশ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা, বাল ও বিষ রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, ভগন্দর, বিসূচিকা, মূত্রাঘাত, মূত্রকৃচ্ছ্র, কুষ্ঠ ও স্তন রোগে।

জল।

স্বাদ — মধুর।

গুণ — শীতল, রেচক, লঘু, দীপন, ত্রিদোষ নাশক।

হিত — বাতপিত্ত জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, হিক্কা, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, নেত্র, শিরঃ, স্তন ও স্ত্রী রোগে

অহিত—বহুমূত্র, যক্ষ্মা, কাস, অগ্নিমান্দ্য, ছর্দ্দি, স্বর-ভেদ, বাত, আমবাত, উরুস্তম্ভ, উদরী, কফ জ্বর, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, মসূরিকা, মুখ, জিহ্বা, দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

খিচুরি।

স্বাদ—মধুর।

গুণ—গরম, রুচ্য, কফ নাশক, বলকর।

হিত—পুরাতন জ্বর, ক্রিমি, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, অরুচি, বাত, বাতরক্ত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, জিহ্বা, নেত্র, শিরঃ ও সূতিকা রোগে।

অহিত—অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ অপস্মার, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ ও স্তন রোগে।

গুড় ইক্ষু।

স্বাদ—মধুর।

গুণ—গুরু, কফ কর, বল্য ও বৃষ্য।

হিত—শ্বাস, স্বরভেদ, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, বাতরক্ত, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, শোথ, বৃদ্ধি,

শ্লীপদ, অম্লপিত্ত, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, কাস, ছর্দ্দি, উরুস্তম্ভ, উদাবর্ত্ত, আনাহ, প্রমেহ, মেদ, উদরী, ব্রণ, ভগন্দর, কুষ্ঠ, উপদংশ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

গমভাজা।

স্বাদ — মধুর।

গুণ — রেচক, রুচ্য, বর্ণ্য, বীর্য্য বর্দ্ধক, আগ্নেয়, বাতপিত্ত নাশক।

হিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, ভগন্দর, রক্তপিত্ত, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মদাত্যয়, উন্মাদ, অপস্মার বাত, আমবাত, বাতরক্ত, উরুস্তম্ভ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, প্রমেহ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, অর্ব্বুদ, ব্রণ, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ, উদাবর্ত্ত, গুল্ম, শূল, আনাহ, হৃদ্রোগ, ও বাল রোগে।

ময়দা।

স্বাদ — মধুর।

গুণ — মল রোধক, ভারী, শীতল, গুরু।

হিত — তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, অপস্মার, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, উপদংশ, ভগন্দর মসুরিকা, মুখ ও নেত্র রোগে।

অহিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, কাস, শ্বাস, হিক্কা, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, উন্মাদ, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, কুষ্ঠ, দন্ত, কর্ণ, নাসা, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

আটা।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, লঘু, আগ্নেয়, রুচ্য, বল্য, রেচক, পথ্য।

হিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, হিক্কা, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা, স্তন, বাল ও বিষ রোগে।

অহিত — বিসূচিকা, দাহ ও মেদ রোগে।

সুজি।

স্বাদ — মধুর।

গুণ — লঘু, পথ্য, বল্য, রুচ্য।

হিত — পুরাতন জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, ছর্দ্দি, অরুচি, মূর্চ্ছা, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, বহুমূত্র, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা, স্ত্রী, যোনি ও স্তন রোগে।

অহিত — বিসূচিকা, তৃষ্ণা ও মেদ রোগে।

যব।

স্বাদ — মধুর, কষায়।

গুণ — লঘু, অগ্নেয়, শীতল, পাকে তিক্ত, বল্য।

হিত — জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, শ্বাস, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, শূল, গুল্ম, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, বিস্ফোট, নেত্র, শিরঃ, স্ত্রী ও স্তন রোগে।

অহিত — যক্ষ্মা, কাস, স্বরভেদ, ছর্দ্দি, বাত, আমবাত, উরুস্তম্ভ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, শ্লীপদ, মসূরিকা, মুখ দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

যবের ছাতু।

স্বাদ — মধুর।

গুণ — দীপন, শীতল, রেচক, লঘু, রুক্ষ, বল ও ধাতু বর্দ্ধক, রুচ্য।

হিত — পুরাতন জ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অতিস্থান, বিসূচিকা, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, শ্বাস, অরোচক, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মুত্রকৃচ্ছ্র, মুত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ব্রণ, ভগন্দর, উপদংশ, অম্লপিত্ত, নেত্র, শিরঃ, যোনি ও স্তন রোগে।

অহিত — যক্ষ্মা, কাস, স্বরভেদ, ছর্দ্দি, বাত, আমবাত, উরুস্তম্ভ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ নাসা ও সূতিকা রোগে।

ছোলার ছাতু।

স্বাদ — মধুর।

গুণ — অগ্নেয়, লঘু, রুক্ষ্য, গ্রাহী, পথ্য, বল ও বীর্য্য বর্দ্ধক, গরম।

হিত — জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, বদ্ধমূত্র, অশ্মরী, মেদ, উদরী, বৃদ্ধি, শোথ, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, স্তন, সূতিকা ও বিষ রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, বিসূচিকা, পাণ্ডু, কামলা, তৃষ্ণা, মূত্রকৃচ্ছ্র ও মূত্রাঘাত রোগে।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের খাদ্যবস্তুর দ্রব্যগুণে অষ্টম অধ্যায় — অন্নাদি।

খাদ্যবস্তুর দ্রব্যগুণ।

নবম অধ্যায়।

তাম্বূল — ধূমপানাদি।

ছাঁচি পান।

স্বাদ — কটু, মধুর।

গুণ — রেচক, আগ্নেয় রুচ্য, পাচক, গরম।

হিত — জ্বর, ক্রিমি, গ্রহণী, অর্শ, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, মদাত্যয়, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, উদরী শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, ব্রণ, ভগন্দর, উপ-

দংশ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতি-
কা ও স্তন রোগে।

অহিত — অতিসার, অগ্নিমান্দ্য, বিসূচিকা, দাহ, মূত্রকৃচ্ছ্র,
মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মসূরিকা ও কণ্ঠ রোগে।

বাঙ্গালা পান।

স্বাদ — কটু।

গুণ — রেচক, মুখপ্রিয়, রুচ্য, আগ্নেয়, গরম।

হিত — জ্বর, ক্রিমি, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত যক্ষ্মা,
কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়,
দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল,
গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, প্রমেহ, বহুমূত্র, মেদ, উ-
দরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, মসূ-
রিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, স্তন, স্ত্রী, সূতিকা ও বিষ
রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা,
ছর্দ্দি, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ,
নেত্র ও শিরঃ রোগে।

মিঠাপান।

স্বাদ — মধুর

গুণ — স্বাদু, ভারী, রেচক, মুখপ্রিয়।

হিত — রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক,
ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত,

আমবাত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, স্তন, নেত্র, শিরঃ ও সূতিকা রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, ক্রিমি, বিসূচিকা, পাণ্ডু, কামলা, উরুস্তম্ভ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, উদরী, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ ও মসূরিকা রোগে।

মগাই পান।

স্বাদ — মধুর।

গুণ — স্বাদু, লঘু, রুচিকর, আগ্নেয়, বিরেচক।

হিত — জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরোচক, ছর্দ্দি, তৃষ্ণা, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, রক্তপিত্ত, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্ত্রী, যোনি, সূতিকা ও স্তন রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ ও বিসূচিকা রোগে।

তামাক।

স্বাদ — কটু, তিক্ত।

গুণ — তীক্ষ্ণ, উষ্ণ, কফ ও বাত নাশক।

হিত — ক্রিমি, অর্শ, অগ্নিমান্দ্য, যক্ষ্মা, কাস, শ্বাস, হিক্কা, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, বাত, আমবাত, উরুস্তম্ভ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — জ্বর, অতিসার, গ্রহণী, বিসূচিকা, পাণ্ডু, কামলা, তৃষ্ণা, দাহ, উন্মাদ, অপস্মার, শূল ও অম্লপিত্ত রোগে।

গাঁজা।

স্বাদ — কটু, কষায়।

গুণ — মাদক, গরম, কফ নাশক, আগ্নেয়, বাজীকরণ, শোষণ, গ্রাহী।

হিত — সান্নিপাতিক জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, রক্তপিত্ত, কাস, স্বরভেদ, অরুচি, তৃষ্ণা, মূর্চ্ছা, উন্মাদ, অপস্মার, মদাত্যয়, বাতব্যাধি, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, কুষ্ঠ, মুখ, দন্ত, কর্ণ, নাসা ও বিষ রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, ভগন্দর, বিসূচিকা, পাণ্ডু, কামলা, যক্ষ্মা, শ্বাস, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, উপদংশ, মসূরিকা, শিরঃ, নেত্র ও স্তন রোগে।

চরশ।

স্বাদ — কটু, তিক্ত।

গুণ — মাদক, তীক্ষ্ণ, গরম, কফ নাশক, বাজীকরণ, আগ্নেয়।

হিত — সান্নিপাতিক জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, কাস, স্বরভেদ, ছর্দ্দি, অরুচি, মূর্চ্ছা, মদাত্যয়, বাতব্যাধি, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, বহুমূত্র, হৃদ্রোগ, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, মুখ, দন্ত, কর্ণ, নাসা নেত্র ও সূতিকা রোগে।

অহিত — অতিসার, গ্রহণী অর্শ, শ্বাস, যক্ষ্মা, তৃষ্ণা, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, কুষ্ঠ, মসূরিকা, শিরঃ ও স্তন রোগে।

মাজুম।

স্বাদ — মধুর, কষায়।

গুণ — স্বাদু, তীক্ষ্ণ, গরম, মাদক, বাজীকরণ, আগ্নেয়।

হিত — কফ জ্বর, ক্রিমি, অতিসার, অগ্নিমান্দ্য, বিসূচিকা, যক্ষ্মা, কাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মদাত্যয়, বাত, আমবাত, বাতরক্ত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, হৃদ্রোগ, বহুমূত্র, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, অম্লপিত্ত, বিস্ফোট, মুখ, দন্ত, কর্ণ, নাসা ও সূতিকা রোগে।

অহিত — গ্রহণী, অর্শ, পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, শ্বাস,

মূর্চ্ছা, দাহ, উন্মাদ, অপস্মার, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, মেদ, ভগন্দর, কুষ্ঠ, মসূরিকা, নেত্র, শিরঃ, স্ত্রী, যোনি ও স্তন রোগে।

আফিম।

স্বাদ — তিক্ত।

গুণ — শোষণ, গ্রাহী মাদক, কফ নাশক, বাতপিত্ত কর, বাজীকরণ।

হিত — কফজ্বর, অতিসার, ক্রিমি, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, ঊরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, হৃদ্রোগ, বহুমূত্র, প্রমেহ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, অম্লপিত্ত, মসূরিকা, বিস্ফোট, মুখ, দন্ত, কর্ণ, নাসা, শিরঃ, নেত্র, সূতিকা ও স্তন রোগে।

অহিত — পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, তৃষ্ণা, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী ও মেদ রোগে।

সিদ্ধি।

স্বাদ — তিক্ত, কটু।

গুণ — সংকোচ, গ্রাহী, গরম, বাজীকরণ, কফ নাশক প্রফুল্লদায়ক, আগ্নেয়।

হিত — সান্নিপাতিক জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, ক্রিমি, অগ্নিমান্দ্য, বিসূচিকা, রক্তপিত্ত, কাস, স্বরভেদ, ছর্দ্দি, অ-

রুচি, মূর্চ্ছা, মদাত্যয়, অপস্মার, বাত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, বহুমূত্র, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, অম্লপিত্ত, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, নেত্র, শিরঃ, স্ত্রী, যোনি, সুতিকা, স্তন ও বিষ রোগে।

অহিত — পাণ্ডু, কামলা, যক্ষ্মা, শ্বাস, তৃষ্ণা, উন্মাদ, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ভগন্দর, উপদংশ ও কুষ্ঠ রোগে।

—:o:—

গুলি। (মাদক দ্রব্য।)

স্বাদ — তিক্ত, কটু।

গুণ — মাদক, রুক্ষ, গরম, কফ নাশক, বাজীকরণ।

হিত — সান্নিপাতিক জ্বর, ক্রিমি, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, কাস, রক্তপিত্ত, স্বরভেদ, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, বাত, বাতরক্ত, আমবাত, উরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, অম্লপিত্ত, মসুরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, ও সুতিকা রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, যক্ষ্মা, শ্বাস, অরুচি, তৃষ্ণা, দাহ, উন্মাদ, অপস্মার, উদাবর্ত্ত, আনাহ, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত, অশ্মরী, প্রমেহ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

চণ্ডু।

স্বাদ — তিক্ত, কটু।

গুণ — গরম, মাদক, নিদ্রাজনক, বাজীকরণ।

হিত — সান্নিপাতিক জ্বর, অগ্নিমান্দ্য, বিসূচিকা, পাণ্ডু, কামলা, কাস, স্বরভেদ, ছর্দ্দি, মূর্চ্ছা, মদাত্যয়, বাত, আমবাত, ঊরুস্তম্ভ, শূল, গুল্ম, হৃদ্রোগ, বহুমূত্র, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, অম্লপিত্ত, মুখ, দন্ত, কর্ণ, নাসা, সূতিকা ও বিষ রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, রক্তপিত্ত, যক্ষ্মা, শ্বাস, অরুচি, তৃষ্ণা, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত অশ্মরী, প্রমেহ, ভগন্দর, উপদংশ, কুষ্ঠ, মসূরিকা, নেত্র, শিরঃ ও স্তন রোগে।

মদ্য।

স্বাদ — অম্ল।

গুণ — গরম, দীপন, পাচন, পাকে লঘু, প্রফুল্লকর ও বাতশ্লেষ্মা নাশক।

হিত — পুরাতন জ্বর, অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, ক্রিমি, বিসূচিকা, যক্ষ্মা, কাস, শ্বাস, হিক্কা, স্বরভেদ, ছর্দ্দি, উন্মাদ, অপস্মার, বাত, আমবাত, ঊরুস্তম্ভ, বাতরক্ত, শূল, গুল্ম, উদাবর্ত্ত, আনাহ, মূত্রাঘাত, মূত্রকৃচ্ছ্র, হৃদ্রোগ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, অম্লপিত্ত, বিস্ফোট, মুখ, দন্ত, কর্ণ, নেত্র, শিরঃ, সূতিকা ও স্তন রোগে।

অহিত — পাণ্ডু, কামলা, রক্তপিত্ত, অম্লপিত্ত, তৃষ্ণা, দাহ, বহুমূত্র, অশ্মরী, মেদ, কুষ্ঠ, মসূরিকা ও জিহ্বা রোগে।

সুপারী।

স্বাদ — কষায়।

গুণ — ভারী, রুক্ষ, কফ, পিত্ত ও মুখের ক্লেদ, মল ও বিবদ্ধতা নাশক।

হিত — পুরাতন জ্বর, ক্রিমি, রক্তপিত্ত, যক্ষ্মা, কাস, শ্বাস, স্বরভেদ, অরুচি, ছর্দ্দি, তৃষ্ণা, মদাত্যয়, দাহ, উন্মাদ, অপস্মার, বাতরক্ত, উরুস্তম্ভ, আমবাত, শূল, গুল্ম, মেদ, উদরী, শোথ, বৃদ্ধি, গলগণ্ড, গণ্ডমালা, শ্লীপদ, ব্রণ, ভগন্দর, উপদংশ, অম্লপিত্ত, বিস্ফোট, মসূরিকা, মুখ, দন্ত, কর্ণ, নাসা, স্তন, সূতিকা ও বিষ রোগে।

অহিত — অতিসার, গ্রহণী, অর্শ, অগ্নিমান্দ্য, বিসূচিকা, মূর্চ্ছা, মূত্রাঘাত, মূত্রকৃচ্ছ্র, বহুমূত্র, অশ্মরী, প্রমেহ, নেত্র ও শিরঃ রোগে।

ধনেরচাল।

স্বাদ — মধুর।

গুণ — স্নিগ্ধ, চিক্কণ, স্বাদু, মুখপ্রিয়, আগ্নেয়।

